দৈনিক সংবাদ

JUN. 07 2002

তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ৩

# সাংবাদিক নির্যাতনের ঘটনায় ঢা.বি'র ১০ শিক্ষকের উদ্বেগ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০ জন বিশিষ্ট শিক্ষক কুষ্টিয়ার তরুণ সাংবাদিক নাজমুল ইমামের ওপর হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ করেছেন এবং সন্ত্রাসী হামলার সঙ্গে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির জন্য সরকারের কাছে দাবি জানিয়েছেন।

এক বিবৃতিতে তারা বলেন, মানবজমিনের কুষ্টিয়া প্রতিনিধি সৎ, সাহসী ও আপোসহীন সাংবাদিক নাজমুল ইমাম সম্প্রতি সন্ত্রাসীদের হামলার শিকার হয়েছেন। সন্ত্রাসীরা নাজমুলের দেহে ১১টি ছুরিকাঘাত করেছে। তারা তার ডান হাতের বুড়ো আঙুল কেটে নিয়েছে। ৩০ বছরের এই সাংবাদিক নাজমুল এখন ঢাকার পঙ্গু হাসপাতালের ৯ নং বেডে শুয়ে আছেন। তার পরিবার অসহায়। নাজমুলের চিকিৎসার খরচ যোগানোর অবস্থা পরিবারের নেই।

তারা বলেন, এলাকার সন্ত্রাসী, অস্ত্রবাজ ও মাদক ব্যবসায়ীদের ওপর দীর্ঘদিন ধরে একের পর এক রিপোর্ট করে চলেছিলেন এই নির্ভীক সাংবাদিক মানবজমিনের পাতায়। পরপর দু'বার নাজমুল তার সাহসী রিপোর্টের জন্য মানবজমিনের সেরা প্রতিনিধি নির্বাচিত হন।

তারা আরও বলেন, একটি গণতান্ত্রিক দেশে নাজমুলের মতো সৎ ও সাহসী সাংবাদিকের ওপর হামলার ঘটনা নিঃসন্দেহে চরম নিন্দার বিষয়। আমরা এ হামলার নিন্দা ও প্রতিবাদ জানাই। সরকার, সুশীল সমাজ ও সংশ্লিষ্ট সকল মহলকে এ সৎ, সাহসী ও আপোসহীন সাংবাদিকের চিকিৎসায় সহযোগিতার হাত বাড়িয়ে দেয়ার জন্য একান্ত অনুরোধ জানাই।

বিবৃতিতে সই করেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. সিরাজুল ইসলাম চৌধুরী, প্রফেসর ড. আহমেদ কামাল, প্রফেসর আনিসুর রহমান, প্রফেসর আনিসুজ্জামান, প্রফেসর ওয়াহিদ উদ্দিন মাহমুদ, প্রফেসর আকমল হোসেন চৌধুরী, প্রফেসর ড. সাখাওয়াত আলী খান, আতাউস সামাদ, প্রফেসর আবরার চৌধুরী রুবাইয়াৎ ফেরদৌস।